

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(পত্র বিনিময় শাখা)

বিজ্ঞপ্তি নং- ২০২

-জি,

তারিখঃ ১২/০৭/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ কজলিস্ট প্রস্তুতের ক্ষেত্রে নির্দেশনা।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির আদেশ মতে অত্র কোর্টের বেঞ্চ অফিসার ও সহকারী বেঞ্চ অফিসারগণকে দৈনিক কার্য তালিকা (কজলিস্ট) প্রস্তুত করার ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করার নির্দেশ প্রদান করা হলোঃ

১। রীট মামলার মোশন ও শুনানী তালিকা প্রস্তুতের ক্ষেত্রে প্রাপ্ত মেনশন স্লিপসমূহে উল্লিখিত মামলাসমূহ মামলার নম্বর ও সন অনুযায়ী নিম্নক্রমে হতে উর্ধ্বক্রমে আইটেম নম্বর নির্ধারণ করতে হবে। কোনো অবস্থাতেই পূর্বে দায়েরকৃত রীট মামলার নম্বর পরে দায়েরকৃত রীট মামলার নম্বরের পরে আইটেম নম্বর নির্ধারণ করে কার্যতালিকা প্রস্তুত করা যাবে না।

২। সকল প্রকার ফৌজদারী মামলার মোশন তালিকা প্রস্তুতের ক্ষেত্রে প্রাপ্ত মেনশন স্লিপসমূহে উল্লিখিত মামলাসমূহ মামলার এফিডেভিট-এর তারিখ ও এমিক নম্বর অনুযায়ী নিম্নক্রমে হতে উর্ধ্বক্রমে আইটেম নম্বর নির্ধারণ করতে হবে। কোনো অবস্থাতেই পূর্বে সম্পাদিত এফিডেভিটযুক্ত মামলার আইটেম নম্বর পরে সম্পাদিত এফিডেভিটযুক্ত মামলার আইটেম নম্বরের পরে নির্ধারণ করে কার্যতালিকা প্রস্তুত করা যাবে না।

৩। সকল প্রকার ফৌজদারী মামলার শুনানী তালিকা প্রস্তুতের ক্ষেত্রে প্রাপ্ত মেনশন স্লিপসমূহে উল্লিখিত মামলাসমূহ মামলার নম্বর ও সন অনুযায়ী নিম্নক্রমে হতে উর্ধ্বক্রমে আইটেম নম্বর নির্ধারণ করতে হবে। কোনো অবস্থাতেই পূর্বে দায়েরকৃত ফৌজদারী মামলার নম্বর পরে দায়েরকৃত ফৌজদারী মামলার নম্বরের পরে আইটেম নম্বর নির্ধারণ করে কার্যতালিকা প্রস্তুত করা যাবে না।

স্বা/-

(সৈয়দ আমিনুল ইসলাম)


রেজিস্ট্রার জেনারেল

স্মারক নং - ২৬৬৪৮ (৪) -জি,

তারিখঃ ১২/০৭/২০১৫ খ্রিঃ

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

- ১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ২। অতিরিক্ত রেজিস্ট্রার-সার্বিক/প্রশাসন ও বিচার/অর্থ ও উন্নয়ন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৩। ডেপুটি রেজিস্ট্রার-সার্বিক ও আদি অধিক্ষেত্র/প্রটোকল ও কোর্ট কীপিং(ভারপ্রাপ্ত)/অর্থ/প্রশাসন ও বিচার/দেওয়ানী-২/অনুলিপি ও মহাফেজ/ফৌজদারী-১/ফৌজদারী-২/ দেওয়ানী-১(ভারপ্রাপ্ত) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। একান্ত সচিব, মাননীয় প্রধান বিচারপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসেসিয়েশন, বার এসোসিয়েশন ভবন, ঢাকা।
- ৭। বেঞ্চ অফিসার জনাব-----, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল)।
- ৮। ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি জনাব -----, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল) [মাননীয় বিচারপতি মহোদয়কে সদয় অবগত করণ]।


(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬